

Public Relations Office

University of Dhaka

Dhaka-1000, Bangladesh

Phone: 55167719

Fax: 880-2-9667222

E-mail: publicrelations@du.ac.bd

জস/৯৪-সি/২০২৩-২০২৪



জনসংযোগ অফিস

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা- ১০০০, বাংলাদেশ

ফোন : ৫৫১৬৭৭১৯

১৪ ফাল্গুন ১৪৩০


২৭ ফেব্রুয়ারি ২০২৪

- ১। সম্মানিত ডিন, সকল অনুষদ
- ২। সম্মানিত চেয়ারম্যান, সকল বিভাগ
- ৩। সম্মানিত পরিচালক, সকল ইনস্টিটিউট

মহোদয়,

ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা আধুনিকায়ন সংক্রান্ত এক সভা গত ২০ ডিসেম্বর ২০২৩ বুধবার মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে উপাচার্য অফিস সংলগ্ন লাউঞ্জে অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, অনুষদের সম্মানিত ডিনবৃন্দ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তার সম্পাদক উপস্থিত ছিলেন। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

- ১। ২০২৪ সাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা মাসিক ৪পৃষ্ঠা যথারীতি বের হবে। তবে ত্রৈমাসিক (৩য় সংখ্যা) বার্তাটি ৮পৃষ্ঠা করে বছরে ৪টি বিশেষ সংখ্যা বের হবে। ত্রৈমাসিক বিশেষ বার্তাটি ইংরেজি ভাষানেও প্রকাশিত হবে।
 - ২। বিশেষ সংখ্যার বার্তাটিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অ্যালামনাইদের দেশ-বিদেশে বিভিন্ন অর্জন ও গবেষণা কর্মকাণ্ড সংক্রান্ত প্রতিবেদন সংক্ষিপ্ত আকারে (পাসপোর্ট সাইজের একটি ছবিসহ সর্বোচ্চ ২০০ শব্দ) প্রকাশিত হবে।
 - ৩। বিশেষ বার্তাটি প্রকাশের লক্ষ্যে প্রত্যেক অনুষদের সম্মানিত ডিনের নেতৃত্বে সংবাদ বাছাই-এর জন্য পৃথক পৃথক কমিটি গঠন করতে হবে। সংশ্লিষ্ট অনুষদের ডিনের উদ্যোগে এই কমিটি গঠিত হবে। অনুষদের আওতাধীন সকল বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীর অর্জন বিষয়ক তথ্য/ সংবাদ সংগ্রহ ও বাছাই করে বার্তা সম্পাদক বরাবর dubarta2024@gmail.com ই-মেইল এ প্রেরণের জন্য সম্মানিত ডিন মনোনীত কমিটির প্রতি অনুরোধ করা যাচ্ছে।
 - ৪। একাডেমিক কাউন্সিলের সভায় বিষয়টি উপস্থাপন করে সকল শিক্ষক ও শিক্ষার্থীকে অবহিত করার জন্য সম্মানিত বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালককে অনুরোধ করা হচ্ছে।
- প্রয়োজনে বার্তা সম্পাদকের সাথে ০১৭৫৮৪৯২৪১৫ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।


(মাহমুদ আলম)

পরিচালক, জনসংযোগ দফতর

ও

সম্পাদক

ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা